



# সোনালী ব্যাংক পিএলসি

সূর্যদী বাজার শাখা, শেরপুর।

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণ গ্রহীতা/ ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স - মুক্তার এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ মুক্তার আলী, পিতা-  
মৃত তহুর উদ্দিন, আন্ধারিয়া সুতিরপাড়, উপজেলা-শেরপুর সদর, জেলা- শেরপুর।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরি-উক্ত ঋণগ্রহীতা/ ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২৮.০২.২০২৪ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৪,৬৯,৬৫০/-টাকা (কথায়- চার লক্ষ ঊনসত্তর হাজার ছয়শত পঞ্চাশ ) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেক/প্লেজ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলাম বিক্রয় করা হবে। নিলাম ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহারকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

## বন্ধকীকৃত জমির তফসিল

মৌজা-কবিরপুর আন্ধারিয়া, উপজেলা- শেরপুর সদর, জেলা- শেরপুর।

মৌজা	খতিয়ান নং				দাগ নং			জমির পরিমাণ
	সিএস	এস,এ	বিআরএস	খারিজ	সিএস	আরওআর	বিআরএস	
কবিরপুর আন্ধারিয়া	২৫৩	৪৩৫	১৯৮০	২৭৫৭	১৩৭১	১৩৭১	৪০১৩	০৫ শতাংশ
"	২৫৩	৪৩৫	১৯৮০	২৭৫৭	১৩৭৫	১৩৭৫	৪০১৫	০৮"
"	২৫৩	৪৩৫	৫০	২৭৫৭	১৩৭২	১৩৭২	৪০২০	০৭"
"	২৫৩	৪৩৫	৫০	২৭৫৭	১৩৭৮	১৩৭৮	৪০০৩	০৪"
"	২৫৩	৪৩৫	১২৮০	২৭৫৭	১৩৮০	১৩৮০	৪০০৪	০৬"
"	২৫৩	৪৩৫	১২৮০	২৭৫৭	১২৮৫	১২৮৫	৪০৮৭	০৮"
"	২৫৩	৪৩৫	১২৮০	২৭৫৭	১৩২৮	১৩২৮	৪১৩৯	০৬"
"	২৫৩	৪৩৫	১২৮০	২৭৫৭	১৩২৭	১৩২৭	৪১৪০	১৭"
"	২৫৩	৪৩৫	১২৮০	২৭৫৭	১৩৮১	১৩৮১	৪০০৬	০২"
"	২৫৩	৪৩৫	১৯৭৮	২৭৫৭	১৩৭৯	১৩৭৯	৪০১৪	০৮"
"	২৫৩	৪৩৫	১৯৭৯	২৭৫৭	১৩৭৯	১৩৭৯	৪০১৪	৭১ শতাংশ

মোট

(মোট- একাত্তর শতাংশ মাত্র)

## শর্ত সমূহঃ

- আগামী ০৬/০৫/২৪ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, শেরপুর তে রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাক যোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।
- দরপত্র সীলমোহারকৃত খামে এবং খামের উপরে স্পস্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল উল্লেখ করিতে হইবে।



৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময় সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ) উদ্ধৃত দর ৫০.০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- ৪) দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অর্থাৎ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহৃত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ৫) দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- ৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তি রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা-বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, স্থমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- ৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকেজামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরৎ দেওয়া হইবে।
- ১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।



Md. Aminul Hossain  
Manager, S. O. (IT) G-34331  
Sonali Bank Limited  
Sundarban, Barisal, Bangladesh

ম্যানেজার

মোবাইলঃ ০১৭৫৫৬৩৫১৯৭